2002

ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# তরুণ প্রজন্মকে স্কাউট আন্দোলনের সঙ্গে সম্পৃক্ত করার আহ্বান


## বাংলাদেশ স্কাউটসের জাতীয় কাউন্সিল উদ্বোধনকালে রাষ্ট্রপতি

**কাগজ ডেস্ক :** রাষ্ট্রপতি অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী তরুণ প্রজন্মকে দেশপ্রেমিক ও সুনাগরিক হিসেবে গড়ে তুলতে তাদেরকে স্কাউট আন্দোলনের সঙ্গে সম্পৃক্ত করার আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল জাতীয় স্কাউট ভবন প্রাঙ্গণে বাংলাদেশ স্কাউটসের জাতীয় কাউন্সিলের ২৯তম বার্ষিক সাধারণ সভার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

গতকাল বাংলাদেশ স্কাউটসের-এর সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, রাষ্ট্রপতি ও চিফ স্কাউট অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী প্রধান অতিথি হিসেবে দিনব্যাপী কাউন্সিল সভার শুভ উদ্বোধন করেন। সভায় সারা দেশ থেকে দুই শতাধিক কাউন্সিলর ও স্কাউটার উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব মুহঃ ফজলুর রহমান এবং ধন্যবাদ জ্ঞাপন করেন বাংলাদেশ স্কাউটসের ভারপ্রাপ্ত সভাপতি ড. শাহ মোহাম্মদ ফরিদ।

রাষ্ট্রপতি তার ভাষণে বলেন, শিশু বয়স থেকে আত্মনির্ভরশীল, চরিত্রবান ও আদর্শ সুনাগরিক সৃষ্টিতে স্কাউট আন্দোলনের কোনো বিকল্প নেই। আর সে কারণেই বর্তমানে সারাবিশ্বে প্রায় ২৫০টি দেশে স্কাউট আন্দোলন বিস্তৃত হয়েছে এবং স্কাউটের সংখ্যা ৩ কোটি ছাড়িয়ে গেছে। বর্তমানে প্রজন্মকে আগামী দিনের ভবিষ্যৎ হিসেবে আখ্যায়িত করে তিনি বলেন, দেশপ্রেমিক ও সুনাগরিক হিসেবে গড়ে তুলতে হলে তরুণ প্রজন্মকে স্কাউট আন্দোলনের সঙ্গে সম্পৃক্ত করতে হবে। এর জন্য অগ্রগামী ভূমিকা পালন করার জন্য বাংলাদেশ স্কাউটসের প্রতি তিনি আহ্বান জানান। 'অপরিচিত জনকে আপনি বলুন' এই সহজ স্লোগানটিকে তিনি স্কাউটদের মাধ্যমে সারাদেশে ছড়িয়ে দেওয়ার আহ্বান জানান। তিনি বলেন, সুন্দর সহনশীল ও সুশীল সমাজ গঠনে স্কাউট সুদূরপ্রসারী ও গুরুত্বপূর্ণ অবদান রাখতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে রাষ্ট্রপতি ও চিফ স্কাউট স্কাউটিংয়ের উন্নয়ন ও সম্প্রসারণে অনবদ্য অবদান রাখার জন্য ডা. তোমোমিচি গোকে, কন্টিনজেন্ট লিডার, বাংলাদেশ-জাপান জয়েন্ট ওআরটি প্রজেক্ট, স্কাউট এসোসিয়েশন অব জাপান, প্রফেসর ইয়ংযুধ ভাজারাদুল, স্কাউটার, দি ন্যাশনাল স্কাউট অর্গানাইজেশন অব থাইল্যান্ড, অধ্যাপিকা ডা. তাহমিনা হোসেন সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ ও সহসভাপতি, বাংলাদেশ স্কাউটস, ড. সুলতানা এস জামান, জাতীয় কমিশনার (গার্ল-ইন-স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস, মোঃ আবদুল কাইউম ঠাকুর, জাতীয় কমিশনার (সংগঠন), বাংলাদেশ স্কাউটস, আলহাজ্জ মীর আনিসুল হক পেয়ারা, জেলা কমিশনার, রংপুর ও সহযোজিত সদস্য, জাতীয় নির্বাহী কমিটি, বাংলাদেশ স্কাউটস ড. আবদুল্লাহ আল মাহমুদ, এলটি কমিশনার বাংলাদেশ স্কাউটস, সিলেট অঞ্চলকে বাংলাদেশ স্কাউটসের সর্বোচ্চ অ্যাওয়ার্ড 'রৌপ্য ব্যাঘ্র' প্রদান করেন। মিহির কান্তি মজুমদার, এলটি জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস, আহমেদ আতাউল হাকিম, জাতীয় উপকমিশনার (অর্থ); বাংলাদেশ স্কাউটস, এ কে মির্জা মোঃ শহিদুল ইসলাম, জাতীয় উপকমিশনার (কাব স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস, মোঃ মেসবাহ উদ্দিন ভূঁইয়া, জাতীয় উপকমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস, মুঃ তৌহিদুল ইসলাম, জাতীয় উপকমিশনার (প্রশিক্ষণ), বাংলাদেশ স্কাউটস, মোঃ আবুল ● এরপর পৃঃ ১১ কলাম ১




*স্কাউটিংে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ জাতীয় পর্যায়ে 'রৌপ্য ব্যাঘ্র' ও 'রৌপ্য ইলিশ' পুরস্কারপ্রাপ্তদের মাঝে রাষ্ট্রপতি ও চিফ স্কাউট অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী*

—ভোরের কাগজ